গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২২৩ তারিখ:১৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আগস্ট ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১০ সেপ্টেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.৩০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত আগস্ট ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। | আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং কোনোরূপ যেন ব্যত্যয় না ঘটে সে দিকে লক্ষ্য রাখতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার নিশ্চিত। | (ক) ইআরপি সিস্টেমে ৬টি মডিউল যথাযথ ব্যবহার হচ্ছে কিনা এবং কোনোরূপ অসুবিধা হচ্ছে কিনা এ বিষয়ে মহাপরিচালক সংশ্লিষ্ট সকলের নিকট জানতে চাইলে উপস্থিত সকলেই বলেন মডিউল ব্যবহারে কোনরূপ অসুবিধা হচ্ছে না। ইআরপি সিস্টেমে এইচআরএম এ কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর সংরক্ষণ এবং ডাটাবেজে তা আপডেট রাখার বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | (ক) ইআরপি সিস্টেমে এইচআরএম মডিউলে কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর সংরক্ষণসহ ডাটাবেজ আপডেট করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| | | (খ) বিগত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার ইআরপি মাধ্যমে নিরীক্ষা ও অনুমোদন এবং এতদবিষয়ে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | (খ) বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার ইআরপি মাধ্যমে নিরীক্ষা ও অনুমোদন করতে হবে। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আইটি শাখার একজন প্রতিনিধিসহ নিরীক্ষা টিম ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কে গমন করবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.০ | মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ প্রদানের নিমিত্ত ইএফটি (EFT) কার্যক্রম চালু করণের লক্ষ্যে ডাচ্ বাংলা ব্যাংকের সাথে আলোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ প্রদানের নিমিত্ত ডাচ্ বাংলা ব্যাংকের সাথে আলোচনা করে ইএফটি (EFT) কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৪.০ | সুপার এ্যানুয়েশন ফান্ড গঠন। | বিগত জুন ২০১৮ মাসের সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২৭৭তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি শেষে এককালীন গ্র্যাচুইটি ও অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে সুপার এ্যানুয়েশন ফান্ড গঠন সংক্রান্ত নীতিমালা চুড়ান্ত করার প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি শেষে এককালীন গ্র্যাচুইটি ও অন্যান্য আর্থিক সুযোগ- সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত কমিটি সুপার এ্যানুয়েশন ফান্ড গঠন সংক্রান্ত চুড়ান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের যথাযথভাবে দায়িত্ব প্রদান। | প্রবাসী কল্যাণ ভবনে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যগণের সঠিকভাবে দায়িত্ব প্রদানসহ আনসার মোতায়নে যৌক্তিকতা নিরূপন করা প্রয়োজন। ভবনের উপযুক্ত স্থানে আনসার সদস্য যথাযথভাবে মোতায়েন করা হয়েছে কীনা তা যাচাইয়ন্তে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে মর্মে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কল্যাণ ভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যগণের সঠিকভাবে দায়িত্ব প্রদানসহ উপযুক্ত স্থানে যথাযথভাবে মোতায়েন করা হয়েছে কীনা তা যাচাইয়ন্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | বিবিধঃ | (ক) স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমান ইআরপি সিস্টেমে সংযোজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তাদের কক্ষে নেম প্লেট স্থাপন এবং<br>(গ) প্রবাসী কল্যাণ ভবনে প্রত্যেক ফ্লোরে লেভেল নম্বর সংযোজন করার বিষয়ে আলোচনা হয়। | (ক) স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমাণ ইআরপি সিস্টেমের আওতায় হালনাগাদ করতে হবে।<br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের উপ-সহকারী পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের কক্ষে নেম প্লেট স্থাপন করতে হবে।<br>(গ) প্রবাসী কল্যাণ ভবনের প্রত্যেক ফ্লোরে লেভেল নম্বর সংযোজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।